

## সন্তানের মুখ

সাইদুজ্জামান

হৃদয়ে চাপ চাপ ব্যথা  
ব্যথাটি প্রধান নয় যেরকম হৃদয়  
তোমাদের কাছে নই  
আমি একাকী; গাছ পালা মেঘ পাখি

যত পারে হাসুক তারা  
বন্ধু এবং স্বজন হারায়নি যারা  
হৃদয়ে চাপ ধরা ব্যথা  
ব্যথাটি প্রধান নয় যেরকম হৃদয়  
হাতের তালুতে তুমিতো ঢেকেছে আকাশ  
সে তবু ভেঙ্গে পড়ে হৃদয়ে আমার

অর্থ নয় বিদ্যা নয় নারী নয়  
সন্তানের মুখ ভস্ম করে হৃদয়  
আকাশের ওপর আকাশ  
হৃদয়ের ভেতর হৃদয়।

১০ ১০ ২০০৭